| EFD তে VAT দিন<br>লটারীর কুপন বুঝে নিন<br>প্রতিমাসে রয়েছে ১ [এক] লক্ষ থেকে ১০ [দশ] হাজার টাকার ১০১টি পুরস্কার |
|---|


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ), ঢাকা
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ,
কাকরাইল, ঢাকা- ১০০০।
[Web:www.cevdsc.gov.bd]
[**E-mail**:cevdhksouth@yahoo.com]


"উন্নয়নের ভ্যাট নীতি ভ্যাট দিয়ে গড়ব জাতি"

বাহক মারফত/জিইপি/ ই-মেইল যোগে

নথি নং-৪(৬)৫০-বাস্তঃ/মূসক অব্যাহতি/এম.এস ডাইং এন্ড ফিনিশিং লিঃ/২০২১/ তারিখ: /০৭/২০২৩ খ্রি.।

বিষয়: **মেসার্স এম.এস ডাইং প্রিন্টিং এন্ড ফিনিশিং লিঃ, প্লট নং-বি-২৩৭-২৫২, বি-২৬০-২৭৩, বিসিক, শিল্পনগরী, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০ (মুসক নিবন্ধন নং-০০১৯২৬৩১৫-০২০৪) নামীয় প্রতিষ্ঠানের পরিবর্তিত গ্যাস ও বিদ্যুৎ মিটার বিলের উপর প্রযোজ্য মুসক অব্যাহতির সংশোধিত আদেশ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ০১. সমনথির পত্র নং-৫৫৭, তারিখ-১২/০৬/২০২৩ খ্রি.।
০২. প্রতিষ্ঠানের পত্র নং-নাই, ০৫/০৬/২০২৩ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন।
০৩. সমনথির আদেশ নং- ১৬৭(১-১০), তারিখ-২০/০২/২৩ খ্রি.।

০২। সূত্রীয় ০৩ নং পত্রের মাধ্যমে মেসার্স এম.এস ডাইং প্রিন্টিং এন্ড ফিনিশিং লিঃ, প্লট নং-বি-২৩৭-২৫২, বি-২৬০-২৭৩, বিসিক, শিল্পনগরী, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০ (মুসক নিবন্ধন নং-০০১৯২৬৩১৫-০২০৪) নামীয় প্রতিষ্ঠানটির গ্যাস মিটার নং-৮৩০৫৫৭৬৮/২০২১ (গ্রাহক সংকেত নং- ৩-০৬-০০০৫৩৬-০০-০৩-৯), গ্যাস মিটার নং- ৮০১৪১১৮১ (গ্রাহক সংকেত নং- ৮-০৬-০০০৫৩৬-০০-০৩-৯) এবং বিদ্যুৎ মিটার নং- ডি.এইচ.কে.আই ১২৯৯ (গ্রাহক সংকেত নং-১৪১৮৮৮৮২) এর বিলের উপর প্রযোজ্য মূসক অব্যাহতির সংশোধিত আদেশ প্রদান করা হয়েছিল। সূত্রীয় ০২ নং পত্রের মাধ্যমে ত্রুটির কারণে গ্যাস মিটার নং ৮৩০৫৫৭৬৮ এর স্থলে ৮৩০৫৭৩৪৭ প্রতিস্থাপনপূর্বক অত্র দপ্তরকে অবহিত করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য সূত্রীয় ০১ নং পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়।

০৩। গঠিত কমিটির সদস্যগণ উল্লিখিত প্রতিষ্ঠানে সরেজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেছেন। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী প্রতিস্থাপিত গ্যাস মিটার নং উল্লেখ করে সংশোধিত অব্যাহতির আদেশ প্রদান করা যেতে পারে বলে গঠিত কমিটি ১৯/০৬/২০২৩ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করেন।

০৪। অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী মাধ্যমে মেসার্স এম.এস ডাইং প্রিন্টিং এন্ড ফিনিশিং লিঃ, প্লট নং-বি-২৩৭-২৫২, বি-২৬০-২৭৩, বিসিক, শিল্পনগরী, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০ (মুসক নিবন্ধন নং-০০১৯২৬৩১৫-০২০৪) নামক প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো।

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৮৩০৫৭৩৪৭ | ৩-০৬-০০০৫৩৬-০০-০৩-৯ | ১০০% |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৮০১৪১১৮১ | ৮-০৬-০০০৫৩৬-০০-০৩-৯ | ১০০% |

টেবিল-২

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ডি.এইচ.কে.আই ১২৯৯ | ১৪১৮৮৮৮২ | ১০০% |

০৫। শর্তসমূহ:

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতিমাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠান সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তাং- ২৬/০৯/২০১৯ খ্রি. এর পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ জুন, ২০২৩ খ্রি. মাসের বিল হতে কার্যকর হবে এবং গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী মিটার অপরিবর্তিত থাকা পর্যন্ত বলবৎ থাকবে।

চ. টেবিলে বর্ণিত গ্যাস মিটার কোন কারণে পরিবর্তীত হলে সাথে সাথে তা অত্র দপ্তরকে অবহিত করতে হবে।

০৬। বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে ইতোপূর্বে জারীকৃত সকল গ্যাস ও বিদ্যুৎ মিটার বিলের উপর প্রযোজ্য মূসক অব্যাহতির সংশোধিত আদেশ এতদ্দ্বারা বাতিল করা হলো।

স্বাঃ

[শওকত আলী সাদী]
কমিশনার
ফোন: ০২-৫৮৩১৫৯৬৪
ই-মেইল: cevdhksouth@yahoo.com

নথি নং- ৪(৬)৫০-বাস্তঃ/মূসক অব্যাহতি/এম.এস ডাইং এন্ড ফিনিশিং লিঃ/২০২১/৮১৮(১-১০) তারিখ: ০৪/০৭/২০২৩ খ্রি.।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নারায়ণগঞ্জ বিভাগ (অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-গ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো)

৩। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রর্ত্যপন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল

৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

৬। ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, জোনাল বিপণন কার্যালয়, ফতুল্লা ৩৬, চাষাড়া বালুর মাঠ, নারায়ণগঞ্জ।

৭। নির্বাহী প্রকৌশলী, নেটওয়ার্ক অপারেশন ও কাস্টমার সার্ভিস, নারায়ণগঞ্জ পশ্চিম, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।

৮। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৯। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, এনায়েতনগর সার্কেল, নারায়ণগঞ্জ (তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-খ অনুযায়ী প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো)।

১০। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এম.এস ডাইং প্রিন্টিং এন্ড ফিনিশিং লিঃ, প্লট নং-বি-২৩৭-২৫২, বি-২৬০-২৭৩, বিসিক, শিল্পনগরী, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০ (মুসক নিবন্ধন নং-০০১৯২৬৩১৫-০২০৪)।

05.07.23

[ ইসরাত জাহান মনি ]
যুগ্ম কমিশনার